# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**23-04-2026** **Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) কড়া নিরাপত্তায় রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য ১৬-টি জেলায় ১৫২-টি আসনে ভোট নেওয়া হচ্ছে। চলবে সন্ধে ৬-টা পর্যন্ত।

২) এই দফায় ২ হাজার ৪০৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি বাহিনী রয়েছে মুর্শিদাবাদে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভোটদাতাদের নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগের আহ্বান জানিয়েছেন।

৪) নির্বাচনের আগের রাতেই বিভিন্ন জেলা থেকে হিংসার খবর মিলেছে।

৫) রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনের জন্য জোরদার প্রচারাভিযান চলছে। বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নদীয়া ও দক্ষিণ ২৪ পরগনায় জনসভা করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেবেন।

৬) দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ তাপপ্রবাহ এবং গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সর্তকতা রয়েছে।

উত্তরবঙ্গের পাঁচটি জেলায় আজ দুপুরের পর বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কড়া নিরাপত্তায় রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রথম দফার জন্য ভোটগ্রহণ শুরু হয়েছে। আজ ১৬-টি জেলায় ১৫২-টি আসনে ভোট নেওয়া হচ্ছে। চলবে সন্ধে ৬-টা পর্যন্ত।

১ হাজার ৪-শো ৭৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করছেন ৩ কোটি ৬০ লক্ষের বেশি ভোটার। মহিলা প্রার্থী রয়েছেন ১৬৭ জন। ১-শো বছরের বেশি বয়সী ভোটারের সংখ্যা ৪ হাজার ২৫।

কমিশন সূত্রে জানা গিয়েছে, এই দফায় মোট ৪৪ হাজার ৩৭৬-টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হয়েছে। যার মধ্যে অক্সিলিয়ারি বুথের সংখ্যা প্রায় ৩ হাজার।

এই দফায় ২ হাজার ৪-শোর বেশি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি বাহিনী রয়েছে মুর্শিদাবাদে।

সকাল থেকেই বুথ গুলিতে ভোটারদের লম্বা লাইন চোখে পড়ছে। মূর্শিদাবাদ জেলায় ৫০ শতাংশ বুথই অশান্তি প্রবণ বলে চিহ্নিত হয়েছে। আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুকের থেকে জেনে নেবো সেখানকার পরিস্থিতি – মামুন এই মুহূর্তে ওখানকার কি পরিস্থিতি ?

( মামুনের – ভয়েস)

জলপাইগুড়ির সাতটি বিধানসভা আসনে চলছে ভোট গ্রহণ। জলপাইগুড়ি শহরের রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয়ে চারটি বুথের দায়িত্বে রয়েছেন মহিলারা। জেলায় ২ হাজারের বেশি ভোট কেন্দ্রে ৯ হাজারের বেশি কর্মী দায়িত্বে রয়েছেন। আমাদের জেলা সংবাদদাতার কাছ থেকে জেনে নেবো বর্তমান পরিস্থিতি।

(ভয়েসকাস্ট – চন্দনা)

কোচবিহারের ৯-টি বিধানসভা কেন্দ্রে বুথের সংখ্যা ২ হাজার ৫-শো ৩৭। এবার জেলায় মহিলা বুথের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়ে হয়েছে ৫-শো।

পুরুলিয়ার ৯-টি আসনের বুথগুলিতে ভোটারদের লম্বা লাইন চোখে পড়ছে। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অনির্বান)

মালদার ইংরেজবাজারে সাউথ বালুচর প্রাথমিক বিদ্যালয়ে ১৮৬ ও ১৮৭ নম্বর বুথে ইভিএম-এর সমস্যার জন্য এখনও ভোট শুরু করা যায়নি।

উত্তর দিনাজপুর জেলার নটি বিধানসভা কেন্দ্রে ১৯ লক্ষ ৬৮ হাজারের বেশি ভোটার রয়েছেন। ১০ লক্ষ ৪১ হাজার ২৬ জন পুরুষ ভোটার। ৯ লক্ষ ২৭ হাজার ৮৮২ জন মহিলা ভোটার এবং ৬৬ জন তৃতীয় লিঙ্গের ভোটার। জেলায় সর্বত্র ভোট গ্রহণ পর্ব শুরু হয়েছে শান্তিপূর্ণভাবেই। এখনো পর্যন্ত কোন জায়গা থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি বা অপ্রীতিকর কোন ঘটনার খবর পাওয়া যায়নি।।

oooooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্ভয়ে রাজ্যের ভোটদাতাদের ভোটাধিকার প্রয়োগের আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে তরুণ ও মহিলা ভোটারদের বিপুল সংখ্যায় ভোট দেবার জন্য অনুরোধ করেছেন তিনি

oooooooooooooooooooooooooooooo

নির্বাচনের আগের রাতে বিভিন্ন জেলা থেকে অশান্তির খবর মিলেছে। কোচবিহারের শীতকুচিতে বিজেপি-র কিষাণ মোর্চার জেলা সভাপতি প্রহ্লাদ বর্মনকে মারধোরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। গুরুতর আহত অবস্থায় তিনি মাথাভাঙা মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। জানা গেছে, প্রহ্লাদ বর্মনের বাড়ির অদূরেই গতকাল লাঠি নিয়ে তাঁকে মারধোর করা হয়। ভাঙচুর করা হয় তাঁর বাইকও। যদিও মারধোরের অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

এদিকে, মুর্শিদাবাদের ডোমকলের রায়পুরে, সি পি আই এম ও তৃণমূল কংগ্রেস কর্মীদের মধ্যে সংঘর্ষে এলাকায় উত্তপ্ত হয়ে ওঠে। ২ দলেরই মোট ৪ জন কর্মী আহত হয়েছেন বলে খবর। এদের মধ্যে ২ জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

তৃণমূল কংগ্রেসের অভিযোগ সিপিআই এম কর্মীরা তাদের দলের সমর্থকদের ওপর আচমকাই হামলা চালায়। পাল্টা অস্ত্র নিয়ে শাসক দলের বিরুদ্ধে আক্রমণের অভিযোগ করেছে সি পি আই এম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনের জন্য জোরদার প্রচারাভিযান চলছে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা ভোটারদের মন জয়ে মিটিং-মিছিল-জনসভা করছেন। বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নদীয়ার কৃষ্ণনগর এবং দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন। বিকেলে হাওড়ায় একটি রোডশো-এ অংশ নেবেন তিনি।

বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ হুগলীর বলাগড় এবং পুরশুড়ায় জনসভায় বক্তব্য রাখবেন। উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে রোডশো-এর কর্মসূচী রয়েছে তাঁর।

বিজেপি-র সর্ব ভারতীয় সভাপতি নীতিন নবীন আজ উত্তর ২৪ পরগনার খড়দা এবং কাশীপুর-বেলগাছিয়ায় দুটি রোডশো করবেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেবেন। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় মেটিয়াবুরুজে জনসভায় যোগ দেবেন।

সি পি আই এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বালিগঞ্জে রোডশো এবং হুগলীর কোন্নগর থেকে উত্তরপাড়া পর্যন্ত পদযাত্রায় যোগ দেবেন।

যাদবপুরে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভা করবেন সিপিআইএম-এর সাধারণ সম্পাদক এম এ বেবী। উপস্থিত থাকবেন দলের প্রবীণ নেত্রী বৃন্দা কারাত।

কংগ্রেস, আই এস এফ সহ অন্য রাজনৈতিক দলের নেতা কর্মীরাও ভোটারদের মন জয়ে সবরকম চেষ্টা চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'এক নজরে প্রথম দফা '। রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট পর্ব কেমন হলো তা তুলে ধরবেন আমাদের জেলা সংবাদদাতা এবং প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮-টা ৫ মিনিটে গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

এদিকে আজ সন্ধ্যার ৭-টা ৫০-এর স্থানীয় সংবাদ ১০ মিনিটের পরিবর্তে ১৫ মিনিটের হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের প্রথম দফার ভোটের আগে ১৩৯ জন ভোটার আপিল ট্রাইব্যুনালের ছাড়পত্র পেয়েছেন।

অন্যদিকে ৮ জনের নাম বাদ পড়েছে। প্রথম দফায় মোট ৬৫৭টি আবেদনের নিষ্পত্তি হয়েছে। যাঁদের নাম নতুন করে তালিকায় যুক্ত হয়েছে, সেই ১৩৯ জন ভোটারই আজ তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। বুথ অনুযায়ী ভোটারদের তথ্য বিএলও, নির্বাচনী আধিকারিক, সব রাজনৈতিক দল এবং ভোটারদের কাছেও পৌঁছে দেওয়া হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

সাংবাদিকদের মুখোমুখি হয়ে গতকাল তিনি বলেন, অবাধ ও সুষ্ঠ ভোটগ্রহণের জন্য নির্বাচন কমিশন বদ্ধপরিকর। নির্ভয়ে সকলকে নিজেদের ভোটাধিকার প্রয়োগের আহ্বান জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচনী জনসভায় একাধিক উস্কানিমূলক মন্তব্যের অভিযোগে তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে নির্বাচন কমিশনে অভিযোগ করেছেন, জগদ্দলের বিজেপি প্রার্থী ও প্রাক্তন আইপিএস রাজেশ কুমার। রাজ্যের মুখ্য নির্বাচনী

আধিকারিককে পাঠানো ২৯ পাতার চিঠিতে তিনি অভিযোগ করেছেন, জগদ্দলে নির্বাচনী সভায় ভোটারদের উদ্দেশ্যে প্ররোচনামূলক মন্তব্য করেছেন এবং সাংবিধানিক প্রতিষ্ঠান ও পর্যবেক্ষকদের প্রতিও অবমাননাকর মন্তব্য করেছেন। এর জন্য তৃণমূল কংগ্রেস নেত্রীর বিরুদ্ধে FIR করা ও তাঁর প্রচারে ৪৮ ঘন্টার নিষেধাজ্ঞা জারির জন্য কমিশনের কাছে দাবি জানিয়েছেন বিজেপি প্রার্থী।

oooooooooooooooooooooooooooooo

রাজ্যে চলতি বছরের ফেব্রুয়ারি থেকে এখনও পর্যন্ত নগদ অর্থ সহ ৪৭২ কোটি ৮৯ লক্ষ টাকার সামগ্রী বাজেয়াপ্ত হয়েছে। এর মধ্যে নগদ প্রায় সাড়ে ২৭ কোটি এবং মাদকদ্রব্য বাজেয়াপ্ত হয়েছে ১০৮ কোটি টাকার বেশি। প্রায় ৫৬ কোটি টাকার বেশি মূল্যবান ধাতু রয়েছে।

oooooooooooooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ তাপপ্রবাহ এবং গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সর্তকতা রয়েছে। পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং বীরভূম জেলায় রয়েছে কমলা সতর্কতা। এছাড়া ঝাড়গ্রাম, পুরুলিয়া পশ্চিম মেদিনীপুর এবং পূর্ব বর্ধমান জেলায় অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। এই জেলাগুলির মধ্যে বেশিরভাগ জেলাতেই আজ প্রথম দফায় ভোট গ্রহণ করা হচ্ছে।। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস অতিরিক্ত গরম এড়াতে সকাল সকাল ভোটদানের পরামর্শ দিয়েছেন।

অন্যদিকে উত্তরবঙ্গের যে জেলাগুলিতে আজ ভোট গ্রহণ করা হচ্ছে তার মধ্যে পাঁচটি জেলায় আজ দুপুরের পর বজ্র বিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও আজ অস্বস্তিকর আবহাওয়া থাকবে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৭ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দেড় ডিগ্রী বেশি।

oooooooooooooooooooooooooooooo

কলকাতায় রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাকের অফিসে ইডি তদন্ত চালাকালীন সময় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যেভাবে বাধা দিয়েছেন সে ব্যাপারে শীর্ষ আদালত গতকাল কঠোর মনোভাব দেখিয়েছে। সুপ্রিম কোর্ট সতর্ক করে দিয়ে বলেছে কোন রাজ্যের মুখ্যমন্ত্রী যদি তদন্ত চলাকালীন এভাবে হস্তক্ষেপ করেন তা গণতন্ত্রের জন্য অশনি সংকেত। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র এবং বিচারপতি এন ভি আঞ্জারিয়ার বেঞ্চ বলেন , এই ঘটনা শুধুমাত্র কেন্দ্র এবং রাজ্যের মধ্যেকার সাধারণ বিতর্কের বিষয় নয়, এক্ষেত্রে একজন সাংবিধানিক পদের অধিকারীর কার্যকলাপ জড়িত রয়েছে।

এই মামলার কোন রায় গতকাল ঘোষণা করা হয়নি, আজও মামলাটির শুনানি হবে।

oooooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooooo